



বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০২.২২- ৯০

তারিখ: ১৫.০৬.২০২২

বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২২ অনুষ্ঠান সংক্রান্ত।


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ডাফটিং), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২২, অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০২. আগামী ২৩ জুন, ২০২২ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ২৫ জুলাই, ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৪ আগস্ট, ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদন (হার্ডকপি) বাতিল হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে, অন্যথায় তা বাতিল হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হবে। বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে যেন কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত না হন সে দিকে সজাগ দৃষ্টি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৩. যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল হবে।

০৪. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা <http://bpsc.teletalk.com.bd> ওপেন করে অনলাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে: Application for departmental examination cadre/Non Cadre ⇒ Session ⇒ June-2022 ⇒ Cadre/Non Cadre Name ⇒ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে, Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSK Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষ্মভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য পরীক্ষার্থীদের National ID নম্বর, ছবির ইমেজ ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি'র কম এবং স্বাক্ষরের ইমেজ ৩০০X৮০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ৬০ কেবি'র কম হতে হবে। পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র প্রিন্ট করে সংগ্রহ করতে হবে।

০৫. অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে ৫৫০০৬৬৬৮ অথবা ৫৫০০৬৭১৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। জটিলতা এড়ানোর লক্ষ্যে অপেক্ষা না করে দ্রুত আবেদনপত্র দাখিলের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।



মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল

পরিচালক (উপসচিব)

ফোন : ৫৫০০৬৬২৫

ই-মেইল : directorunit04@bpsc.gov.bd